# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 05 April, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন ২ জন।শুক্রবার (৪ এপ্রিল) বিকেল সাড়ে ৫টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মিঠাছড়া বাজারের উত্তর পাশে মুচি পোল এলাকায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সীমান্ত দেব নাথ (২৬) নামে এক ফ্রিজ মেকানিক নিহত হয়েছে।

সড়ক দুর্ঘটনায় একই দিন রাত ৮টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বড়তাকিয়া ইউটার্ন এলাকায় বাসচাপায় অটোরিকশায় থাকা সাদিয়া আফরিন জ্যোতি নামে তরুণী নিহত হয়েছেন।স্থানীয়রা তাকে উদ্ধার করে বেসরকারি একটি হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত সিমান্ত উপজেলার কাটাছরা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের তেতৈয়া এলাকার শ্যাম সুন্দর মহাজন বাড়ির শিবু চন্দ্র নাথের ছেলে। সীমান্তের স্বজন রুপন চন্দ্র নাথ জানান, শুক্রবার বিকেলে সীমান্ত মোটরসাইকেলযোগে সীতাকুণ্ডে তার এক স্বজনের সাথে দেখা করতে যাচ্ছিল।পথে মিঠাছড়া বাজারের উত্তর পাশে মুচি পোল এলাকায় মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারালে তিনি গাড়ি থেকে পড়ে যান।স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু হয়।

তরুণী নিহতের ঘটনায় প্রত্যক্ষদর্শী নজরুল ইসলাম বলেন, চট্টগ্রাম থেকে ছেড়ে আসা শাহী পরিবহনের একটি বাস বড়তাকিয়া ইউটার্ন এলাকায় আসলে একটি অটোরিকশা ইউটার্ন দিয়ে রাস্তা পার হওয়ার উদ্দেশ্যে হঠাৎ মহাসড়কে উঠে গেলে একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে অটোরিকশাকে চাপা দেয়।এতে ঘটনাস্থলে এক তরুণীর মৃত্যু হয়েছে।

যোগাযোগ করা হলে মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক ডা. ফাহিম ফেরদৌস বলেন, শুক্রবার সন্ধ্যা ৬টায় সীমান্ত দেব নাথ নামের সড়ক দুর্ঘটনার একজন রোগী হাসপাতালে আনা হয়।হাসপাতালে আসার আগে তার মৃত্যু হয়।

বিষয়টি নিশ্চিত করে জোরারগঞ্জ হাইওয়ে থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) বোরহান উদ্দিন বলেন, শুক্রবার বিকেলে নিজের মোটরসাইকেল (চট্ট মেট্রো-হ ১৮-৭২৩৮) নিয়ন্ত্রণ হারিয়ে সিমান্ত দেব নাথ নামের একজন নিহত হয়েছে।লাশ উদ্ধার করে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি উদ্ধার পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।অন্য দুর্ঘটনায় তরুণী নিহত হওয়ার ব্যাপারে অবগত নই।আপনার থেকে জানলাম।আমি খোঁজ নিচ্ছি।

চট্টগ্রাম মহাসড়ক সড়ক দুর্ঘটনা নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:47

URL: https://timestodaybd.com/across-the-country/310775807